শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী
ISO 9001:2015 Certified ফোনঃ ০৬৪১-৬৫১৫৪, ই-মেইলঃ rajbaripbs@yahoo.com. Web : pbs.rajbari.gov.bd

স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২১- ৪৮০৭ তারিখঃ- ১৯ কার্তিক ১৪২৮ বঃ
০৪ নভেম্বর ২০২১খ্রিঃ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ওয়্যারিং পরিদর্শক পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

**(ক) পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর)**

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য ভাতাদি | জেলা কোটা |
|---|---|---|---|---|
| ০১ | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর /সদস্য সেবা কো-অর্ডিনেটর) | ক) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নূন্যতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে<br>অথবা<br>ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি নূন্যতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ন হতে হবে।<br>গ) ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>ঘ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) জনগনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্ত সমূহ পূরণ করতে হবে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকায় অবস্থিত প্রার্থী অর্থাৎ রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর, পাংশা, বালিয়াকান্দি, গোয়ালন্দ, কালুখালী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |

**(খ) আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখপূর্বক সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ)মাতার নাম, (গ)পিতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখপূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, ওয়্যারিং পরিদর্শক হিসেবে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে)।

অপর পাতায় দ্রঃ/

পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ ও পদোন্নতির সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ **আগামী ১৩/১১/২০২১খ্রিষ্টাব্দ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ ঘটিকার সময় স্ব-শরীরে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, চরবাগমারা, রাজবাড়ীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর উপস্থিত হলে তা গ্রহণযোগ্য হবে না।**

**শর্তাবলীঃ**

০১। অত্র পবিসে কর্মকর্ত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০২। অতীত কর্মসম্পাদনার মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।

০৩। ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৪। সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড ও সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ডপ্রাপ্ত অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড অথবা একবার লঘুদন্ড প্রাপ্ত অথবা বিগত ০৩ বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৫। হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৭। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৮। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। নির্বাচনী স্বাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১২। বর্ণিত পদের নিয়োগের ক্ষেত্রে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

(স্বাক্ষরিত) ০৪/১১/২০২১

(মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার
মোবাইল - ০১৭৬৯-৪০০০৬৭
ই-মেইলঃ rajbaripbs@yahoo.com

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক,বাপবিবোর্ড,ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৩। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।)।

০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, পাংশা জোনাল অফিস, রাজবাড়ী পবিস।

০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী), রাজবাড়ী পবিস।

০৮। এজিএম (আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি),রাজবাড়ী পবিস ---------ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত।

০৯। নোটিশ বোর্ড, রাজবাড়ী পবিস।

১০। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার